

AP-2
৩০/১৫/PB
২৪/১০/১৮

বাংলাদেশ
২৪/১০/১৮

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
তদন্ত ও শৃঙ্খলা শাখা
সেকশন- ২, মিরপুর, ঢাকা- ১২১৬
www.dpe.gov.bd

স্মারক নং- ৩৮.০১.০০০০.৩০০.২৭.০০৮.১৮- ৮৬৭

তারিখ: ০৬/১০/১৮ ১৪২৫
২৩। জানুয়ারি ২০১৮

প্রজ্ঞাপন

জনাব মো: জুলফিকার আলী জনি, সহকারী উপজেলা শিক্ষা অফিসার, মতলব দক্ষিণ, চাঁদপুর (সাবেক ভারপ্রাপ্ত উপজেলা শিক্ষা অফিসার, মতলব দক্ষিণ, চাঁদপুর) এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা ১৯৮৫ এর ৩ (এ) (iv) ও ৩(বি) উপবিধি অনুযায়ী অদক্ষতা ও অসদাচরণের অভিযোগে গত ১৫/০২/২০১৮ খ্রি: তারিখে বিভাগীয় মামলা এইউইও/বিমা-০৬/১৮/১৩৩ রজুপূর্বক অভিযোগনামা ও অভিযোগ বিবরণী প্রেরণ করে জবাব প্রদানের জন্য নির্দেশ প্রদান করা হয়; এবং

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা ১৩/০৩/২০১৮ খ্রি: তারিখে লিখিত জবাব দাখিল করেন এবং ০৬/০৮/২০১৮ খ্রি: তারিখে তার ব্যক্তিগত শুনানি গ্রহণ করা হয়; এবং

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তার দাখিলকৃত জবাব, ব্যক্তিগত শুনানিতে প্রদত্ত বক্তব্য, বিভাগীয় মামলার প্রাসঙ্গিক রেকর্ডপত্রাদি ও সার্বিক পর্যালোচনায় তাকে লঘুদণ্ড প্রদান করার সিদ্ধান্ত গৃহীত হয়;

সেহেতু, জনাব মো: জুলফিকার আলী জনি, সহকারী উপজেলা শিক্ষা অফিসার, মতলব দক্ষিণ, চাঁদপুর (সাবেক ভারপ্রাপ্ত উপজেলা শিক্ষা অফিসার, মতলব দক্ষিণ, চাঁদপুর) -কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫ এর ৪ (২)(এ) [বর্তমানে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা ২০১৮ এর ৪ (২)(ক)] উপবিধি মোতাবেক “তিরক্ষার (Censure)” দণ্ড প্রদান করা হলো।

২। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

তারিখ: ০৬/১০/১৮ ১৪২৫
ড.মো: আবু হেনা মোস্তফা কামাল, এনডিসি

মহাপরিচালক

তারিখ: ০৬/১০/১৮ ১৪২৫
২৩। জানুয়ারি ২০১৮

স্মারক নং- ৩৮.০১.০০০০.৩০০.২৭.০০৮.১৯- ৮৬৭/১২

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরিত হলোঃ

১. সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
দৃষ্টি আকর্ষণ: উপ-সচিব (প্রশাসন-১)
২. পরিচালক (প্রশাসন), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
৩. পরিচালক (আইএমডি), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, ঢাকা (প্রজ্ঞাপনটি ওয়েবে সাইটে প্রকাশের অনুরোধ করা হলো)।
৪. উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা (প্রজ্ঞাপনটি বাংলাদেশ গেজেটের প্রবর্তী সংখ্যায় প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
৫. উপপরিচালক (তদন্ত ও শৃঙ্খলা/প্রশাসন), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
৬. বিভাগীয় উপপরিচালক, প্রাথমিক শিক্ষা, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।
৭. জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, চাঁদপুর।
৮. উপজেলা হিসাবরক্ষণ অফিসার, মতলব দক্ষিণ, চাঁদপুর।
৯. উপজেলা শিক্ষা অফিসার, মতলব দক্ষিণ, চাঁদপুর।
১০. জনাব মো: জুলফিকার আলী জনি, সহকারী উপজেলা শিক্ষা অফিসার, মতলব দক্ষিণ, চাঁদপুর।
১১. মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১২. সংরক্ষণ নথি।

(মো: আবুল কাশেম মিয়া)
সহকারী পরিচালক
তদন্ত ও শৃঙ্খলা শাখা
ফোন: ৫৫০৭৪৮৮০